

কৃষি সুপারিশ

গৃ-৬ ই এপ্রিল ,২০২২ (২০-২২ ই চৈত্র, ১৪২৮)

গম- কালো ভূষা রোগ দেখা দিলে সকালবেলায় ভিজে কাপড়ে জড়িয়ে আক্রান্ত শিশুর শীষ গুলি কেটে নিয়ে পুড়িয়ে ফেলতে হবে অন্যথায় রোগ ছড়িয়ে পড়বে এবং এই ক্ষেত্রে উৎপাদিত দানা বীজ হিসেবে ব্যবহার করা যাবে না। ৮০ শতাংশ গম পেকে গেলে ফসল কেটে নেওয়া দরকার।

ভূট্টা- হাইব্রীড ভূট্টার কমপক্ষে ৩ টি সেচের প্রয়োজন, গাছের হাঁটু উচ্চতা, ফুল আসা ও দানা পুষ্টির সময়ে অবশ্যই সেচ দিতে হবে।
বোরো ধান- রোয়ার ২০-২৫ দিন ও ৩৫-৪০ দিন পরে দুবার নিড়ানি যন্ত্র বা হাত দিয়ে আগাছা তুলে ফেলে মাটি ভালো করে খেঁটে দিতে হবে জিঙ্গের অভাব জনিত এলাকায় একরে ১০ কেজি জিঙ্গ সালফেট মূলসার বা প্রথম চাপানে প্রয়োগ করা যাব। মাটির পরিবর্তে পাতায় প্রয়োগ করতে হলে রোয়ার ১ মাস ও ১.৫ মাস পরে প্রতি লিটার জলে ০.৫ গ্রাম চিলেটেড জিঙ্গ গুলে স্প্রে করতে হবে।

বোরো ধানে বলসা রোগ দেখা দিতে পারে। মেঘলা ও কুয়াশাচ্ছম আবহাওয়ায় যখন আপেক্ষিক আদ্রতা ৯০ শতাংশ, রাতের তাপমাত্রা ২৪ ডিগ্রি সেলসিয়াস বা তার কম থাকে, তখন এই রোগের আক্রমণ দেখা দিতে পারে। আক্রান্ত জমিতে ট্রাইসাইক্লজেন ৫%, ০.৫ গ্রাম বা আইসো-প্রোথিওলেন ৪০%, ১ মিলি প্রতি লিটার জলে গুলে স্প্রে করতে হবে।

বোরোধানে বাদানী শোষকপোকার আক্রমণ দেখা দিতে পারে। গুছির গোড়ায় নজর রাখতে হবে, জমিতে আড়াআড়ি ভাবে ঘুরে ঘুরে গুছির গোড়া পর্যবেক্ষণ করতে হবে।

সূর্যমুখী- ফুলের পেছনদিক হলদে নরম তুলতুলে হয়ে গেলে এবং বীজ কালো ও শক্ত হলে ফসল কেটে নিতে হবে।

চীনাবাদাম- বোনার ৩০-৩৫ দিন পর গাছের পেগিং এর সময় একর প্রতি ৮০-১০০ কেজি জিপসাম সারিব মাঝে জমিতে প্রয়োগ করতে হবে এবং গাছের গোড়া বেঁধে দিতে হবে। চীনা বাদাম এই সময়ে শুয়ো পোকা, উই পোকা, কাটুই পোকা, লাল মাকড় দ্বারা আক্রান্ত হতে পারে। লাল মাকড়ের জন্য ডাইকোফল, প্রপারজাইট, মিলিবিমেক্টিন ইত্যাদি জলে গুলে স্প্রে করতে হবে। উই পোকা, কাটুই পোকার জন্য ক্লোরপাইরিফস, জলে গুলে মাটিতে প্রয়োগ করতে হবে। শুয়ো পোকা দমনের জন্য ক্লোরপাইরিফস, কুইনালফস বা ফেনান্ডেলারেট আক্রান্ত ক্ষেত্রে প্রয়োগ করতে হবে।

চৈতি মুগ - বোনার ৩০ দিনের মাথায় ১টা সেচের প্রয়োজন হয়। বোনার ৩০ তেন ও ৪৫ দিনের মাথায় ২% ডি.এ.পি দ্রবণ স্প্রে করা প্রয়োজন।

তিল- ঘন গাছ পাতলা করে প্রতি বগমিটারে তিলোত্তমার জন্য ৩৫-৪০টি এবং রমার জন্য ৪০-৫০ টি রাখা প্রয়োজন। তিল চায়ে সাধারণত ২ টি সেচ দিতে হয়, প্রথমটি বীজ বোনার ৩০-৩৫ দিন পর ও দ্বিতীয়টি এর আরো ২০-২৫ দিন পরে দিতে হবে। এই ফসলের প্রধান রোগ ফাইলোডি ও পাতা মোড়া। এই রোগ শোষক পোকা যথা জাবপোকা বা শ্যামাপোকার মাধ্যমে ছড়ায়। আক্রান্ত গাছ তুলে ফেলতে হবে। প্রতিকার হিসেবে মিথাইল-ডিমেটেন ঘটিত ওযুধ যেমন মেটাসিস্টেক্স বা ডাইমিথোয়েট ২.০ মিলি প্রতি লিটার জলে গুলে স্প্রে করতে হবে।

আখ- আখ বসানোর ৪০-৪৫ দিন পর ও ৮০-৯০ দিন পর বিষা প্রতি ১৫ কেজি ইউরিয়া প্রতিবারে মাটিতে প্রয়োগ করুন।

রোগ পোক আক্রমনের দিকে লক্ষ্য রাখুন ও প্রয়োজনীয় ব্যবস্থা নিন।

পাট- উত্তরবঙ্গের অল্পবৃষ্টিপাত্রযুক্ত উচু এলাকায় তিতা পাটের উন্নত জাত -- সোনালী, পদ্মা, রেশমা ইত্যাদি ফেরুয়ারীর মাঝ থেকে র্যাচ মাসের শেষ পর্যন্ত বোনা যাব। বেলে-দৌয়াশ, এঁটেল-দৌয়াশ বা পলি-দৌয়াশ মাটিতে পাট ভাল জন্মায়। মাটির পি.এছিচ ৬.০- ৭.৫ এর মধ্যে থাকলে ভাল হয়। সাধারণত উচু ও মাঝারি জমিতে মিঠা পাট ভাল হয়। সব রকম জমিতে তিতা পাট চাষ করা যাব। মিঠা পাটের উন্নত জাতগুলি হল- চৈতালি, বাসুদেব, নবীন, বৈশাখী, তোষা, শক্তি, সূর্য, সুবলা, সুরেন, ইরা ইত্যাদি। তিতা পাটের উন্নত জাতগুলি হল- সোনালী, সবুজ সোনা, শ্যামলী, পদ্মা, রেশমা, মিতালী, শ্বাবন্তী, পার্থ, বিধান-১, বিধান-২, বিধান-৩ ইত্যাদি। মূল সার হিসেবে মিঠা পাটে একর প্রতি ৫০ কেজি. সিঙ্গল সুপার ফসফেট ও ১৩.২৫ কেজি মিউরেট অফ পটাশ ব্যবহার করতে পারেন। তিতা পাটে একর প্রতি ৬.২.৫ কেজি. সিঙ্গল সুপার ফসফেট ও ৮.২.৫ কেজি মিউরেট অফ পটাশ ব্যবহার করতে পারেন।


ভাল ফলন পেতে হোলে পাটের পরিচর্যা একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। যন্ত্রের সাহায্যে সারিতে বীজ বুনলে পরিচর্যা খরচ কমে এবং ফলন বৃদ্ধি পায়। আগাছা মারতে হবে এবং অতিরিক্ত চাড়া তুলে ফেলতে হবে। প্রতি বগমিটারে ৫৫-৬০ টি চারা রাখা উচিত। এছাড়া আগাছা নাশক ওযুধ ব্যবহার করেও আগাছা দমন করা যেতে পারে।

চৈতি কলাই- চায়ের উপযুক্ত জাতগুলি হল- বসন্ত বাহার (পি.ডি.ইউ-১), গোতম(ড্রু.বি.ইউ-১০৫), কালিন্দী(বি-৭৬)। ফালুন-চৈত্র মাসে বিষা প্রতি (৩০ শতক) ৩ - ৪ কেজি বীজ ছড়িয়ে বা সারিতে বুনতে হবে। বীজ বোনার আগে, মুগের মত বীজ শোধন ও রাইজেবিয়াম কালচার মেশাতে হবে। সারি থেকে সারিব দূরত্ব ৩০ সেমি ও গাছের দূরত্ব ১৫ সেমি রাখতে হবে। একর প্রতি ৮ কেজি নাইট্রোজেন, ১৬ কেজি ফসফরাস ও ১৬ কেজি পটাশ প্রয়োগ করে বীজ বুনতে হবে। কলাই চায়ে কোন চাপান সার লাগে না।

জমিতে কাজ করবার সময়ে অতি অবশ্যই কোভিড নিয়ন্ত্রণ বিধি মেনে চলতে অনুরোধ করা হচ্ছে।

বিশ্বারিত জানতে আপনার রাকের স্থানীয় কৃষি প্রযুক্তি সহায়ক বা সহ-কৃষি অধিকর্তার কার্যালয়ে যোগাযোগ করুন।

কৃষি অধিকর্তা, পশ্চিমবঙ্গ সরকার-এর

পক্ষে 

যুগ্ম-কৃষি অধিকর্তা (জন সংযোগ, সম্প্রচার ও তথ্য),

পশ্চিমবঙ্গ